**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
**এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা**
**শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।**

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৫.০৯৯.০১১.২৬.১৪৪ তারিখঃ ১৯ আগস্ট, ২০২৬ খ্রি.

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের অনিষ্পন্ন অডিট আপত্তির হালনাগাদ তথ্যাদির সমন্বয় সাধন. পর্যালোচনা এবং নিষ্পত্তিকরণ প্রসঙ্গে অনলাইন সভার কার্যবিবরণী।**

**সভাপতি: আবুল খায়ের মোঃ আক্কাস আলী**
**মহাপরিচালক (অতিরিক্ত সচিব)**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।**

**তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি.** **সময়: বিকাল ০৩:০০ ঘটিকা।**

**স্থান: মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ।**

সভায় সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক-১০ (অডিট ও আইন) জনাব ড. রেজা হাসান মাহমুদ জানান যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের অত্র দপ্তরের অডিট শাখার তথ্য মতে জুলাই ২০২৬ পর্যন্ত পুঞ্জিভূত মোট অডিট আপত্তির সংখ্যা ৪৭৪৯টি এর মধ্যে নিষ্পত্তি হয়েছে ৪১৭৯টি এবং অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৫৭০টি (S-১৭৯টি এবং NS-৩৯১টি)। সভায় নির্বাচিত পলিটেকনিক, টিএসসি, ইঞ্জিনিয়ারিং কলেজ সমূহ এবং ভিটিটিআই ও সেন্ট্রাল স্টোর, নারায়ণগঞ্জ এর অনিষ্পন্ন অডিট আপত্তি আলোচনার জন্য নির্বাচন করা হয়েছে।

সহকারী পরিচালক সভাকে আরো জানান যে, অডিট আপত্তিসমূহের সময়মত নিষ্পত্তিকরণে মন্ত্রণালয়/শিক্ষা অডিট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক পত্র, টেলিফোনিক যোগাযোগ, এ দপ্তর থেকে বারবার অনুরোধ পত্র/তাগিদ পত্র/ঘাটতি পত্র প্রেরণের পরেও কিছু প্রতিষ্ঠান হতে অদ্যবধি জবাব প্রেরণ করা হয় নাই, অনেক বিলম্বে প্রেরণ করেন, জবাবে যথাপোযুক্ত তথ্য প্রমাণক সংযুক্ত থাকেনা, নির্ধারিত ফরমেটে থাকেনা এসকল কারনে আপত্তি নিষ্পত্তিকরণে জটিলতার সৃষ্টি হয়। সভায় সহকারী পরিচালক নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তির হালনাগাদ তথ্যাদি সকলের অবগতি এবং নিষ্পত্তিকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রাপ্তির নিমিত্তে উপস্থাপন করেন।

সভায় অনলাইনে উপস্থিত প্রতিষ্ঠানের অধ্যক্ষগণ আলোচনায় অংশগ্রহণ করে নিজ নিজ দপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকরনে বক্তব্য উপস্থাপন করেন। সভায় অধিদপ্তরের উপস্থিত সদস্যগণ অধ্যক্ষগণের বক্তব্যের প্রেক্ষিতে নিষ্পত্তিকরণ সহায়ক জবাব প্রস্তুতের ক্ষেত্রে বিভিন্ন পরামর্শ প্রদান করেন। সভার সভাপতি মহোদয় অনিষ্পন্ন অডিট আপত্তির প্রেরীত জবাব আরও স্পষ্টিকরণ ও যথাপোযুক্ত প্রমাণক সংযুক্ত করন এবং অডিট আপত্তি নিষ্পত্তিকরনে অধ্যক্ষগণকে প্রয়োজনীয় ভূমিকা পালনে নির্দেশনা প্রদান করেন।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. প্রতিষ্ঠানসমূহ হতে অদ্যাবধি অপ্রেরিত SFI এবং Non-SFI ব্রডশিট জবাবসমূহ অধিদপ্তরে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করতে হবে।

২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/শিক্ষা অডিট অধিদপ্তরে প্রেরিত জবাব নিষ্পত্তির নিমিত্তে প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ অব্যহত রাখতে হবে।

৩. ব্রডশিট জবাব প্রস্তুতে প্রয়োজনীয় প্রমাণকসহ (যেমন: প্রযোজ্য ক্ষেত্রে নগদ অর্থ জমাদানের চালানের কপি/অনলাইন ভেরিফিকেশন কপি, সংশ্লিষ্ট অর্থবছরের বিল ভাউচার, অর্থ গ্রহণ/বন্টনের প্রমাণক, পতাকা সংযুক্ত সামারী শিট/টপ শিট এরুপ) প্রেরণ করতে হবে।

**৪. ব্রডশিট জবাবে সহায়ক সংশ্লিষ্ট বিধিবিধান, পরিপত্র, নীতিমালা সংযুক্ত করে জবাব প্রেরণ করতে হবে।**

**৫. ব্রডশিট জবাব আপত্তির আলোকে সংক্ষিপ্ত আকারে, তথ্য নির্ভর এবং যথাযথ ফরমেটে প্রেরণ করতে হবে।**

**সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।**

২৯.৮.২৩

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অধ্যক্ষ, বরিশাল/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
২। অধ্যক্ষ, চট্টগ্রাম/গোপালগঞ্জ/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/বগুড়া/খুলনা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট।
৩। অধ্যক্ষ, ফেনী সরকারি কম্পিউটার ইন্সটিটিউট, ফেনী।
৪। অধ্যক্ষ, ভোকেশনাল টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
৫। অধ্যক্ষ, মানিকগঞ্জ/কক্সবাজার/মাইজদী/ঝালকাঠি/নেত্রকোনা/গৌরীপুর/হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
৬। সহকারী পরিচালক-১ ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৭। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, নারায়ণগঞ্জ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। সহকারী পরিচালক(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ, সকল প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ);
৫। সংশ্লিষ্ট নথি।